তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

দৈনিক আমাদের সময়

# ছাত্রীকে বাসরঘরের বদলে ক্লাসে পাঠালেন ইউএনও

মুরাদনগর প্রতিনিধি •
বিয়ের সাজসজ্জা সব কিছুই প্রস্তুত। চলছে খাওয়া-ধাওয়ার ধুম। একটু পরেই বর আসবে। বিয়ের পর অষ্টম শ্রেণির ছাত্রী কিশোরী শারমিন আক্তার (১৪) চলে যাবে স্বামীর বাড়ি। অতঃপর বাসরঘর। ঠিক তখনি বিয়েবাড়িতে ভ্রাম্যমাণ আদালতের হানা। উপস্থিত হন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ মনসুর উদ্দিন। অভিযানের খবর পেয়ে বরপক্ষও কনের বাড়ি আসা থেকে বিরত থাকে। গতকাল রোববার দুপুরে কুমিল্লার মুরাদনগর উপজেলার বাঙ্গরা বাজার থানাধীন চাপিতলা ইউনিয়নের পুস্করিনীরপাড় গ্রামে এ ঘটনা ঘটে।

জানা গেছে, পুস্করিনীরপাড় গ্রামের প্রবাসী নাছির উদ্দিনের মেয়ে শ্রীরামপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী শারমিন আক্তারকে (১৫) বাল্যবিয়ে দেওয়া হচ্ছে– এমন খবর পেয়ে ছুটে আসেন ইউএনও। মেয়েটিকে বাসরঘরের পরিবর্তে বিদ্যালয়ের ক্লাসে পাঠিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ মনসুর উদ্দিন।